

৫। রেজিমেন্ট অব আর্টিলারির ইতিহাস ও অবদান।

- ১৯৭১ সালে আমাদের মহান মুক্তিযুদ্ধের রণাঙ্গনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে প্রতিষ্ঠিত মুজিব ব্যাটারীর কামানের গোলাবর্ষণের মধ্য দিয়ে সূচিত হয়েছিল রেজিমেন্ট অব আর্টিলারির সংগীরব পথ চলা।

- কে (K) ফোর্সের অধীনে পরশুরামের যুদ্ধ, সালদা নদীর যুদ্ধ, আখাউড়ার যুদ্ধ, নাজির হাটের যুদ্ধ, জেড (Z) ফোর্সের অধীনে জকিগঞ্জ এবং আটগ্রামের যুদ্ধ ও সমশ্বের নগরের যুদ্ধ এবং কুমিল্লা এলাকায় মুক্তিবাহিনীকে ফায়ার সাপোর্ট প্রদান মহান মুক্তিযুদ্ধে মুজিব ব্যাটারী (বর্তমানে ১ ফিল্ড রেজিমেন্ট আর্টিলারি), রওশনআরা ব্যাটারী (বর্তমানে ২ ফিল্ড রেজিমেন্ট আর্টিলারি) এবং স্বতন্ত্র রকেট ব্যাটারী (বর্তমানে ৩ ফিল্ড রেজিমেন্ট আর্টিলারি) এর গৌরবোজ্জ্বল বীরত্ব গাঁথার অনন্য নিদর্শন।